

স্পেশালিস্ট হাই স্কিলস্ মেজর

ছাত্রদের ব্যক্তিগত শেখার ধরন অনুযায়ী এবং আগ্রহ পূরণ করতে সাহায্য করার জন্য অন্টারিওর সেকেন্ডারি স্কুলগুলি স্টুডেন্ট সাক্সেস উদ্যোগের মাধ্যমে প্রসারিত কর্মসূচী প্রদান করা হয়েছে। এই কর্মসূচীগুলি ছাত্রদের বিভিন্ন ধরনের নতুন এবং উন্নত শিক্ষার বিকল্পের মাধ্যমে তাদের হাই স্কুলের অভিজ্ঞতাকে নিজের প্রয়োজনোপযোগী করে তোলার সুযোগ দেয়। এই বিকল্পগুলির মধ্যে অন্তর্ভুক্ত আছে ডুয়াল ক্রেডিট, স্পেশালিস্ট হাই স্কিলস্ মেজর এবং কো-অপারেটিভ শিক্ষা।

এই কর্মসূচীগুলি সমস্ত ছাত্রদের প্রয়োজন, আগ্রহ ও ক্ষমতাকে পূরণ করতে সাহায্য করে এবং তাদেরকে শিক্ষালাভে যুক্ত করে এবং স্নাতক ও তার পরবর্তী সময়ের জন্য আরও ভালভাবে প্রস্তুত করে।

স্পেশালিস্ট হাই স্কিলস্ মেজর স্পেশালিস্ট হাই স্কিলস্ মেজর (SHSM) কী?

SHSM হল মন্ত্রণালয় দ্বারা অনুমোদিত একটি বিশেষ প্রোগ্রাম যা ছাত্রদের সেকেন্ডারি স্কুল থেকে স্নাতক স্তরের আবশ্যিকতাগুলি পূরণ করার পাশাপাশি একটি নির্দিষ্ট অর্থনৈতিক ক্ষেত্রে শিক্ষালাভের উপরে মনোনিবেশ করার অনুমতি দেয়। এটি স্নাতকের পরে তাদের শিক্ষানবিশি প্রশিক্ষণ, কলেজ, বিশ্ববিদ্যালয় বা কর্মক্ষেত্রে উত্তরণেও সাহায্য করে।

2012–13 স্কুল বর্ষে নিম্নলিখিত ক্ষেত্রগুলিতে SHSM উপলব্ধ আছে:

- কৃষি
- হার্টিকালচার এবং ল্যান্ডস্কেপিং
- শিল্পকলা ও সংস্কৃতি
- আতিথেয়তা ও পর্যটন
- বিমানচালনা/এরোস্পেস
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
- ব্যবসা
- বিচার, কমিউনিটির নিরাপত্তা এবং জরুরি পরিষেবা
- নির্মাণ
- উত্পাদন
- শক্তি
- মাইনিং
- পরিবেশ
- অ-লাভজনক
- খাদ্য প্রক্রিয়াকরণ
- খেলাধুলা
- অরণ্যবিদ্যা
- পরিবহন
- স্বাস্থ্য ও ভালো থাকা

মেজর স্পেশালিস্ট হাই স্কিলস্ মেজরের প্রধান সুবিধাগুলি

SHSM এর পঠনপাঠন ছাত্রদের নিম্নলিখিত বিষয়ে সাহায্য করে:

- তাদের আগ্রহ ও প্রতিভার সাথে উপযোগী করে তোলার জন্য সেকেন্ডারি স্কুল শিক্ষাকে কাস্টমাইজ করা
- বিশেষজ্ঞ জ্ঞান ও দক্ষতার বিকাশ করা।

- সেকেন্ডারি পরবর্তী শিক্ষা প্রতিষ্ঠানগুলি এবং পেশার ক্ষেত্র দ্বারা স্বীকৃত ক্রেডিট অর্জন করা।
- পেশার ক্ষেত্র দ্বারা স্বীকৃত সার্টিফিকেশন এবং কর্মজীবনের সাথে প্রাসঙ্গিক প্রশিক্ষণ লাভ করা।
- প্রয়োজনীয় দক্ষতা ও কাজের অভ্যাস গড়ে তোলা, যা অন্টারিও স্কিলস্ পাসপোর্ট দ্বারা নথিভুক্ত।
- কর্মজীবনের লক্ষ্যগুলিকে শনাক্ত করা, খতিয়ে দেখা এবং সংশোধন করা এবং তাদের ভবিষ্যতের ব্যাপারে অবহিত সিদ্ধান্ত নেওয়া।
- তাদের লক্ষ্য ও পরিকল্পনাগুলি যদি পরিবর্তিত হয়, তাহলে একটি পথ থেকে অন্য পথে স্থানান্তরিত হওয়ার বিকল্পের সাথে নমনীয় থাকা।

স্পেশালিস্ট হাই স্কিলস্ মেজর কীভাবে স্বীকৃত?

যে ছাত্ররা সফলভাবে একটি SHSM সম্পূর্ণ করে তারা নিম্নলিখিতগুলি পায়:

- একটি এফস করা লাল সীলমোহর সহ অন্টারিও সেকেন্ডারি স্কুল ডিপ্লোমা
- একটি SHSM রেকর্ড, যেখানে তার সাফল্য নথিভুক্ত করা থাকে
- তার অন্টারিও স্টুডেন্ট ট্রেনস্ক্রিপ্টে আনুষ্ঠানিক স্বীকৃতি।

স্পেশালিস্ট হাই স্কিলস্ মেজর কোথায় প্রদান করা হয়? আমি কীভাবে আরও বেশি জানতে পারি?

2012–13 এ SHSM প্রোগ্রামগুলি সমগ্র প্রদেশ ব্যাপী সমস্ত স্কুল বোর্ডগুলিতে উপলব্ধ আছে। কী কী উপলব্ধ আছে সেই বিষয়ে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে আপনার স্কুলের অধ্যক্ষ অথবা স্কুল বোর্ডের স্টুডেন্ট সাক্সেস লীডারের সঙ্গে যোগাযোগ করুন। SHSM-গুলির সম্বন্ধে এবং এগুলি কীভাবে কাজ করে সেই সম্বন্ধে আরও বিশদ তথ্য পাওয়া যায়

www.ontario.ca/studentssuccess এ।